জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র : ৩৬(০২৩)জাতী: বি:/একা:/পিজিডি/এলআইএস/২০১৮-২০১৯/১৯৩০ তারিখ : ২৩/০৪/২০১৮

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এনইউ অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামের

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের **২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে** ভর্তির অনলাইন প্রাথমিক আবেদন **২৬ এপ্রিল বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৪ মে ২০১৮** তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। এই ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের ভর্তি পরীক্ষা দিতে হবে। আবেদনকারীদের ভর্তি পরীক্ষা ও স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

১. ভর্তির যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অথবা ইউজিসি অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) বা সমমান ডিগ্রিধারী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী যোগ্য বিবেচিত হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে **পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স** কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে। শিক্ষাজীবনে এসএসসি থেকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) ডিগ্রিপর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্ট এবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে।

খ) **জাতীয় বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স (নিয়মিত)/মাস্টার্স (প্রফেশনাল)/ডিপ্লোমা (প্রফেশনাল) কোর্সে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

গ) **জাতীয় বিশ্ববিদ্যালয়ে একই শিক্ষাবর্ষে/একই বছরে কোন প্রার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

২. অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** **Master's Tab** এ গিয়ে **Apply Now (NU on Campus PGD In Library & Information Science)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান)/ বিবিএ (সম্মান)/ বিকম (সম্মান) পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে।

খ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

গ) প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে।

এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/ অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg Ges maximum file size:50Kb.**

৩. পে-স্লিপের মাধ্যমে ফি' জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড

ক) পে-স্লিপ **Print** করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে প্রার্থী তার পে-স্লিপে উল্লিখিত রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login (NU on Campus PGD In Library & Information Science)** অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ফি' জমা দেয়ার ৪৮ ঘন্টার মধ্যে কোন প্রার্থী **SMS** না পেলে নিম্নস্বাক্ষরকারী বরাবর তা জানাতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন ঃ



খ) প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login (NU on Campus PGD In Library & Information Science)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিক আবেদন ফরমের যে কোন ক্রটি সংশোধন করা যাবে।

৪। লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকার সম্পর্কিত করণীয়

ক) লিখিত পরীক্ষার দিন আবেদনকারীকে সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি' জমাদানের রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।

খ) এছাড়া চূড়ান্ত ভর্তির জন্য সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে সকল সনদের মূলকপি, সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি জমাদানের রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকারের দিন আবেদনপত্র ও সকল সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

গ) ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সীমা

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ ঃ	২৬/০৪/২০১৮ থেকে ২৪/০৫/২০১৮
২।	সোনালী সেবার টাকা জমাদান ঃ প্রার্থী প্রতি ৭০০/- (সাতশত) টাকা হারে Pay Slip এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **02181100002701** (এমফিল/পিএইচডি খাত) উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে।	৩০/০৪/২০১৮ থেকে ৩০/০৫/২০১৮
৩।	**লিখিত পরীক্ষার তারিখ:** **ভেন্যু:** সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মিরপুর রোড, ঢাকা-১০০০ (ঢাকা নিউমার্কেট সংলগ্ন) উল্লেখ্য যে, ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে ৫০ (বাংলায়-২০, সাধারণ জ্ঞান-২০, ইংরেজীতে-১০) নম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সরবরাহকৃত উত্তরপত্রেই পরীক্ষা নেয়া হবে।	২৯/০৬/২০১৮ সকাল (১১ টা থেকে ১২টা পর্যন্ত)
৪।	**লিখিত পরীক্ষার ফল প্রকাশ** (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে) :	০৯/০৭/২০১৮

৫।	**লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখঃ** **স্থান ঃ** একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪	১০/০৭/২০১৮ থেকে ১১/০৭/২০১৮
৬।	**চুড়ান্ত ভর্তির ফল প্রকাশ, পে স্লিপ ডাউন লোড ও ভর্তির তারিখঃ** এক (০১) বছরের কোর্স ফি সর্ব সাকুল্যে: **২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা** দুই কিস্তিতে সোনালী সেবার মাধ্যমে গ্রহন করা হবে। প্রথম কিস্তির **১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা** ভর্তির সময় সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। দ্বিতীয় কিস্তি পরবর্তী তিন মাসের মধ্যে সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। (বিস্তারিত ভর্তির প্রসপেক্টাস-এ উল্লেখ থাকবে)।	১২/০৭/২০১৮ থেকে ১৭/০৭/২০১৮
৭।	**ক্লাশ শুরুর তারিখ ঃ** (জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে)।	১৫/০৭/২০১৮

- **এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/ নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড
ইনফরমেশন সায়েন্স
মোবাইল-০১৭১৩০৯২৭৯২
ই-মেইলঃ ***mitulnasiruddin@gmail.com***

সূত্র : ৩৬(০২৩)জাতীঃ বিঃ/একাঃ/পিজিডি/এলআইএস/২০১৮-২০১৯/১৯৩০ তারিখ : ২৩/০৪/২০১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কোর্স সমন্বয়কারী, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানবিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান,জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয়বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয়বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও অনলাইনে ভর্তিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলরএর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
১৩. অফিস কপি